

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

মিশন শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৬.১১.০০১.১৮(অংশ)-২১

তারিখ: ৩০ মাঘ ১৪২৬

১৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: বিদেশস্থ বাংলাদেশ মিশনের পাসপোর্ট ও ভিসা উইং-এ প্রথম সচিব ও দ্বিতীয় সচিব পদে কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সাংগঠনিক কাঠামোভুক্ত বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/ হাইকমিশন/কনসুলেটের পাসপোর্ট ও ভিসা উইং-এ প্রথম সচিব ও দ্বিতীয় সচিব পদে নিয়োগের জন্য সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে যোগ্য/আগ্রহী কর্মকর্তার নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

নং	পদ	মিশন ও দেশের নাম	পদের সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা	কাজের বিবরণ
১	২	৩	৪	৫	৬
১.	প্রথম সচিব	জেদ্দা, রিয়াদ (সৌদি আরব); আবুধাবী, দুবাই (সংযুক্ত আরব আমিরাত); কুয়ালালামপুর (মালয়েশিয়া); মাস্কাট (ওমান); দোহা (কাতার); কুয়েত; সিংগাপুর; রোম (ইতালী); ওয়াশিংটন-ডিসি, নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র); অটোয়া (কানাডা); লন্ডন (যুক্তরাজ্য)	১৪ (চৌদ্দ)টি	সিনিয়র সহকারী সচিব	বিদেশে অবস্থানরত/ বসবাসরত বাংলাদেশি নাগরিকদের পাসপোর্ট, ট্রাভেল পারমিট ও বাংলাদেশ ভ্রমণে ইচ্ছুক ব্যক্তিদের ভিসা সংশ্লিষ্ট সেবা প্রদান
২.	দ্বিতীয় সচিব	বার্মিংহাম (যুক্তরাজ্য); হংকং (চায়না); প্রিটোরিয়া (দক্ষিণ আফ্রিকা)	০৩ (তিন)টি	সিনিয়র সহকারী সচিব	

শর্তাবলী:


- সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১২/০৩/২০২০ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে নির্ধারিত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াছবি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবিসহ সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সম্বোধন করে আবেদন করতে হবে। লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সিনিয়র সহকারী সচিব (মিশন), স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ভবন নং-০৮, কক্ষ নং-২১৬, ৩য় তলা) এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
- আবেদনকারীর চাকরি স্থায়ী হতে হবে।
- যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস/কনসুলেটের একই পদে বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরূপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৫। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

৬। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নং ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকবে।

৮। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



১৩-২-২০২০

মোঃ ইকবাল আখতার

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০-২-৯৫৪৬৬১৭

ফ্যাক্স: +৮৮০-২-৯৫৭৪৪৯৯

ইমেইল: mission1@ssd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা

২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩) সিনিয়র সচিব/সচিব (সকল)। (ঠাঁর আওতাধীন সংশ্লিষ্ট
কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)

৪) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

৫) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র
মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) বিভাগীয় কমিশনার (সকল)। (ঠাঁর আওতাধীন সংশ্লিষ্ট
সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধসহ)

৭) জেলা প্রশাসক (সকল)

৮) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা
বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা
বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১০) সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, সিনিয়র সিস্টেমস্
এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়(বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন
মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)

১১) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগঢাকা
(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)